



ইরান-যুক্তরাষ্ট্র সংঘাত বন্ধে সহযোগিতা করবে রাশিয়া: পুতিন



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান যুদ্ধ বন্ধে সব ধরনের সহযোগিতা দেওয়ার আশ্বাস দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি বলেছেন, এই সংঘাতের জন্য ইরান দায়ী নয় এবং যুদ্ধ বন্ধে তেহরান আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) তুর্কমেনিস্তানে কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটসের (সিআইএস) সম্মেলনের ফাঁকে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে বৈঠকে পুতিন এ আশ্বাস দেন।

বৈঠকে পেজেশকিয়ান জানান, যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন একটি প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। এ প্রস্তাবে দুই পক্ষই কিছু পরিবর্তন এনেছে। আলোচনা শেষ হলে মধ্যস্থতাকারীদের মাধ্যমে বৈঠকে বসে সমঝোতায় পৌঁছানোর পরিকল্পনা রয়েছে।

LENS ASIA